

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ মার্চ ২০২২

রামপুরা ওয়ার্ডের উন্নয়ন কার্যক্রম পরিদর্শনে মেয়র
**নগরীর প্রত্যেকটি ওয়ার্ডকে
সমভাবে উন্নয়নের আওতায় আনা হবে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীকে সুন্দর রাখার জন্য সবচেয়ে গুরু দায়িত্ব পালন করতে হবে কাউন্সিলরদের। কাউন্সিলররা তখনই সফল হবেন যখন এলাকাবাসী তাদের সার্বিকভাবে সহযোগিতা করতে এগিয়ে আসবে। তিনি বলেন, নগরীর প্রত্যেকটি ওয়ার্ডকে সমভাবে উন্নয়নের আওতায় আনা হবে। সকল উন্নয়ন কর্মকাণ্ডে সৌন্দর্যবর্ধনে গুরুত্বতাকে অগ্রাধিকার দেওয়া হবে। ছোট পরিসরে হলেও ওয়ার্ডভিত্তিক খেলার মাঠ তৈরি করা হবে। যাতে শিশু কিশোরদের মননের বিকাশ ঘটে। আজ বৃহস্পতিবার দুপুরে রামপুরা ওয়ার্ডে উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করতে গিয়ে তিনি একথা বলেন।

প্যানেল মেয়র ও ওয়ার্ড কাউন্সিলর আবদুস সবুর লিটন'র সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কাউন্সিলর মো. ইলিয়াছ, সচিব খালেদ মাহমুদ, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতিরিক্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী প্রমুখ।

মেয়র আরো বলেন, চসিকের বর্তমান পরিষদ মশক নিধনের ব্যাপারে কার্যকর ভূমিকা গ্রহণ করেছে। এই কার্যক্রম তখনই সফল হবে, যখন এলাকাবাসী নিজেদের গৃহস্থালী বর্জ্য নিজেসই পরিষ্কার করতে আগ্রহী হবেন। তিনি জলাবদ্ধতা নিরসনে মেগাপ্রকল্পের যে কাজ চলছে তার কারণে যে জলজটের ভোগান্তি হচ্ছে তার ভোগান্তি লাঘবে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে জরুরীভিত্তিতে এই বিষয়ে পদক্ষেপ নিতে আহ্বান জানান।

এক অনন্য সাধারণ বৈচিত্রময়

ইতিহাসের নাম হলো শেখ মুজিবুর রহমান : মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বিভিন্ন জাতির শ্রেষ্ঠ পুরুষ থাকে। তেমনই বাঙালি জাতির শ্রেষ্ঠ পুরুষ হলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। হাজার বছরের ইতিহাসে বাঙালির শ্রেষ্ঠতম অর্জন বাংলাদেশের স্বাধীনতা আর স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের সঙ্গে যার নাম চিরস্মরণীয় হয়ে আছে তিনি জাতির পিতা শেখ মুজিবুর রহমান। নানা চরাই-উৎরাই পেরিয়ে প্রথম একটি স্বাধীন রাষ্ট্রে অকপটে নিজেদের ভাষায় কথা বলে নিজেদের সংস্কৃতিতে বসবাসের সুযোগ পায় শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ও অনুপ্রেরণায়। তাঁর আপোষহীন সাহসী সংগ্রামী জীবনের বেশির ভাগ সময় কেটেছে জেল, জুলুম ও নির্যাতনের জাঁতাকলে পৃষ্ঠ হয়ে। কিন্তু এমন দুর্গম পথ অতিক্রম করেছেন শুধুমাত্র বাঙালির চির মুক্তির জন্য। শেখ মুজিব এমন এক নেতা ছিলেন যিনি বাঙালিকে দিয়েছিলেন মাতৃভাষাকে রাষ্ট্রভাষা করার অকৃত্রিম স্বাদ, একটি স্বাধীন ভূ-খন্ড, একটি পতাকা, একটি মানচিত্র। তিনি শুধু একজন ব্যক্তি নন, এক অনন্য সাধারণ বৈচিত্রময় ইতিহাসের নাম হলো শেখ মুজিবুর রহমান। কালের যাত্রায় বিচিত্র পরিমন্ডল পেরিয়ে বঙ্গবন্ধুর আদর্শিক ও নেতৃত্বগুলো হয়ে উঠেছেন বিশ্ববন্ধু। আজ বৃহস্পতিবার সকালে সরাইপাড়া সিটি কর্পোরেশনের স্কুল ও কলেজ প্রাঙ্গণে ৫৩নং বিট পুলিশের সচেতনতামূলক কমিউনিটি পুলিশিং সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

সরাইপাড়া সিটি কর্পোরেশন স্কুলের প্রধান শিক্ষক মো. মোখলেসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কাউন্সিলর আলহাজ্ব নুরুল আমীন, পংকজ দত্ত, উপ-পুলিশ কমিশনার পশ্চিম আবদুল ওয়াহিদ, পাহাড়তলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোস্তাফিজুর রহমান, সরাইপাড়া সিটি কর্পোরেশন ডিগ্রি কলেজ অধ্যক্ষ রওশন আক্তার, লায়ন এম. শওকত আলী, সরাইপাড়া ওয়ার্ড আওয়ামী লীগ যুগ্ম আহবায়ক আলমগীর আলম, মুজিবুর রহমান, জাহাঙ্গীর বেগ প্রমুখ।

মেয়র আরো বলেন, স্কুল কলেজের আজকের তরুণ শিক্ষার্থীদের জাতির পিতার আদর্শের সোনার বাংলা গড়তে সং, পরিশ্রমী, নৈতিক মূল্যবোধ সম্পন্ন দেশপ্রেমিক নাগরিক হতে হবে আর এর মাধ্যমে ২০৪১সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়তে সক্ষম হবো।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
উত্তর কাউলী ওয়ার্ডের
আলী চাঁন রোডে অবৈধ স্থাপনা উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে নগরীর আকবরশাহ থানাধীন উত্তর কাউলী ওয়ার্ডের আলী চাঁন রোডের উভয় পার্শ্বের অবৈধ স্থাপনা উচ্ছেদ করে এলাকাবাসীর চলাচলের প্রতিবন্ধকতা নিরসন করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, আকবরশাহ থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও ৩০আনসার ব্যাটালিয়ান সদস্য ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩